



# বাংলাদেশ কৃষি ব্যাংক

প্রধান কার্যালয়  
৮৩-৮৫ মতিঝিল বা/এ, ঢাকা-১০০০।  
হিউম্যান রিসোর্স ম্যানেজমেন্ট বিভাগ

ফোন: ০২২৩৩৮৬৯১১

পিএবিএক্স: ০২২২৩৩৮০০২১-২৫/২২৩২

ইমেইল: [dgmpd2@krishibank.org.bd](mailto:dgmpd2@krishibank.org.bd)

ওয়েব: [www.krishibank.org.bd](http://www.krishibank.org.bd)

নং প্রকা/এইচআরএমডি/সেকশন-২/১৫(১)(৬)/২০২৩-২০২৪/২৮০৭

তারিখ: ০৬ চৈত্র ১৪৩০ বঙ্গাব্দ  
২০ মার্চ ২০২৪ খ্রিষ্টাব্দ

সকল মহাব্যবস্থাপক

বিভাগীয় কার্যালয়/স্থানীয় মুখ্য কার্যালয়/বিকেবি স্টাফ কলেজ

সকল বিভাগীয় নিরীক্ষা কর্মকর্তা

সকল মুখ্য আঞ্চলিক ব্যবস্থাপক/উপমহাব্যবস্থাপক, কর্পোরেট শাখা

সকল আঞ্চলিক ব্যবস্থাপক/আঞ্চলিক নিরীক্ষা কর্মকর্তা

সকল শাখা ব্যবস্থাপক, বাংলাদেশ কৃষি ব্যাংক।

জনুরী ও  
অতীব গুরুত্বপূর্ণ

## বিষয়: ব্যাংকের স্বার্থে বদলী-সংক্রান্ত নির্দেশনাসমূহ যথাযথভাবে পরিপালন প্রসঙ্গে।

বাংলাদেশ কৃষি ব্যাংক এর পরিচালনগত তথা ব্যবসায়িক কার্যক্রম সুষ্ঠুভাবে সম্পাদনের জন্য ব্যাংকের স্বার্থে ব্যবস্থাপনা কর্তৃপক্ষ কর্মকর্তা-কর্মচারীদের বদলী সংক্রান্ত বিষয়ে সিদ্ধান্ত গ্রহণ করেন যা পরিপালন করা বদলীকৃত কর্মকর্তা-কর্মচারীর নৈতিক দায়িত্ব। উক্ত সিদ্ধান্ত যথাযথভাবে পরিপালন না করা বাংলাদেশ কৃষি ব্যাংক (কর্মকর্তা ও কর্মচারী) চাকরি প্রবিধানমালা-২০০৮ এর অনুচ্ছেদ নং ৩৭ (সাধারণ আচরণ ও শৃঙ্খলা) এবং বাংলাদেশ কৃষি ব্যাংক কর্মকর্তা ও কর্মচারীদের বদলী নীতিমালা-২০১৮ এর সুস্পষ্ট লঙ্ঘন এবং চাকরি শৃঙ্খলা ও আচরণ বিধির পরিপন্থি। উল্লেখ্য, বদলী নীতিমালা-২০১৮ এর অনুচ্ছেদ নং ০৯, ১১ ও ২১ এ নিম্নরূপ নির্দেশনা রয়েছে:

অনুচ্ছেদ নং ০৯: বদলীর আদেশে নির্ধারিত সময়ের মধ্যে ছাড়পত্র প্রদান না করা হলে, সংশ্লিষ্ট শাখা/নিয়ন্ত্রণকারী অফিস প্রধান উভয়েই দায়ী হবেন এবং উভয়ের বিরুদ্ধে প্রশাসনিক ব্যবস্থা গ্রহণ করা হবে।

অনুচ্ছেদ নং ১১: জারীকৃত বদলী আদেশে উল্লিখিত সময়ের মধ্যে ছাড়পত্র প্রদান করা না হলে সংশ্লিষ্ট কর্মকর্তা/কর্মচারী উক্ত নির্ধারিত তারিখে স্বয়ংক্রিয়ভাবে ছাড়পত্রপ্রাপ্ত হয়েছেন বলে গণ্য হবেন এবং ঐ শাখা/কার্যালয় হতে তিনি কোন বেতনভাতা প্রাপ্য হবেন না।

অনুচ্ছেদ নং ২১: বদলীর আদেশ প্রাপ্তির পর অবৈধ প্রভাব বিস্তারের চেষ্টা ও তদবির চাকুরি প্রবিধানমালা পরিপন্থি বিবেচনায় সংশ্লিষ্ট কর্মকর্তা/কর্মচারীর ব্যক্তিগত নথিতে উহা অসদাচরণ হিসাবে রেকর্ড করা হবে, যা পরবর্তী পদোন্নতির সময় নেতিবাচক বিবেচনায় আনা হবে।

০২। এমতাবস্থায়, অত্র ব্যাংকের সকল কর্মকর্তা-কর্মচারীদেরকে চাকরি প্রবিধানমালা-২০০৮ এবং বদলী নীতিমালা-২০১৮ এ উল্লিখিত নির্দেশনাসমূহ যথাযথভাবে পরিপালনের জন্য নির্দেশ দেয়া হলো। অন্যথায় দায়ী কর্মকর্তা-কর্মচারীগণের বিরুদ্ধে যথাযথ প্রশাসনিক ব্যবস্থা গ্রহণ করা হবে।

অনুমোদনক্রমে -

আপনার বিশ্বস্ত,

(মোঃ জয়নাল আবেদীন)

মহাব্যবস্থাপক (প্রশাসন)

নং- প্রকা/এইচআরএমডি/১৫(১)(৬)/২০২৩-২০২৪/২৮০৭(১২৫০)

তারিখ: ০৬ চৈত্র ১৪৩০ বঙ্গাব্দ  
২০ মার্চ ২০২৪ খ্রিষ্টাব্দ

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো:

১. চীফ স্টাফ অফিসার, ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের সচিবালয়, বাংলাদেশ কৃষি ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা।
২. স্টাফ অফিসার, উপব্যবস্থাপনা পরিচালক মহোদয়গণের সচিবালয়, বাংলাদেশ কৃষি ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা।
৩. স্টাফ অফিসার, সকল মহাব্যবস্থাপক মহোদয়ের দপ্তর, বাংলাদেশ কৃষি ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা।
৪. সকল উপমহাব্যবস্থাপক/বিভাগীয় প্রধান, বাংলাদেশ কৃষি ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা (পত্রটি ব্যাংকের অফিসিয়াল ওয়েবসাইটে প্রকাশের জন্য উপমহাব্যবস্থাপক, আইসিটি সিস্টেমস্ বিভাগকে অনুরোধ করা হলো)।
৫. নথি/মহানথি।

(মোঃ খোরশেদ আনোয়ার)

উপমহাব্যবস্থাপক